

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়া, কুমিল্লা

ফোন : ০৮১-৭৬৩২৮, ওয়েবসাইট : www.comillaboard.gov.bd



স্মারক নং : পরী/মাধ্য/জেএসসি/২০১৮/৩৭২(৬০)

তারিখ : ২৫/০৯/২০১৮ খ্রিঃ

বিষয় : জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষা-২০১৮ এর কেন্দ্র কমিটি গঠন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষা আগামী ০১ নভেম্বর ২০১৮ খ্রি: তারিখ হতে শুরু হবে। উক্ত পরীক্ষা সুষ্ঠু এবং সুন্দরভাবে পরিচালনার নিমিত্তে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষা-২০১৮ পরিচালনা সংক্রান্ত নীতিমালা অনুযায়ী প্রতিটি কেন্দ্রের জন্য কেন্দ্র কমিটি গঠন করা আবশ্যিক। অতএব তাঁর আওতাধীন জেলা সদর/উপজেলার জেএসসি পরীক্ষা-২০১৮ এর অনুমোদিত প্রত্যেক কেন্দ্রের জন্য আলাদা আলাদাভাবে অনধিক ৫(পাঁচ) সদস্য বিশিষ্ট কেন্দ্র কমিটি গঠন করে তা অনুমোদনের লক্ষ্যে আগামী ১৫ অক্টোবর ২০১৮ খ্রি: তারিখের মধ্যে বোর্ডে প্রেরণের জন্য অনুরোধ করা হল।

‘কেন্দ্র কমিটি’ নিম্নরূপে গঠন করতে হবে :

১. চেয়ারম্যান: জেলা সদরের জন্য জেলা প্রশাসক, উপজেলা ও অন্যান্য স্থানের কেন্দ্রের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা।

২. সদস্যবৃন্দ :

(ক) জেলা শিক্ষা অফিসার (জেলা সদরের জন্য)/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (উপজেলার ক্ষেত্রে)।

(খ) সরকারি বিদ্যালয়ের প্রধান শিক্ষক -১ জন ও বেসরকারি বিদ্যালয়ের প্রধান শিক্ষক -১জন সদস্য হতে পারবেন।

(গ) কেন্দ্র সচিব কেন্দ্র কমিটির সদস্য সচিব হবেন।

(১) কেন্দ্র সচিব :

কমিটি নিম্ন বর্ণিত নিয়মে কেন্দ্র সচিব নির্বাচিত করবেন :


বোর্ড কর্তৃক অনুমোদিত পরীক্ষা কেন্দ্রের কেন্দ্র প্রতিষ্ঠান প্রধান কেন্দ্র সচিব হবেন।

কোন কারণে কেন্দ্র প্রতিষ্ঠানের প্রধান কেন্দ্র সচিব হতে না পারলে কেন্দ্র কমিটির চেয়ারম্যান এর অনুমোদনক্রমে কেন্দ্রের আওতাধীন অন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের মধ্য থেকে দক্ষ ও অভিজ্ঞ প্রধান শিক্ষক কেন্দ্র সচিব হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন। তবে কোন শিক্ষক অথবা কোন কর্মকর্তার ছেলে/মেয়ে এ বোর্ডের কোন কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণ করলে তিনি কেন্দ্র সচিব হতে পারবেন না। এছাড়া মন্ত্রণালয়/বোর্ড/কোন উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক পরীক্ষা পরিচালনায় দায়িত্বে অবহেলায় অভিযুক্ত, বিধি মোতাবেক চাকরির মেয়াদ শেষ অথবা চুক্তিভিত্তিক নিয়োগপ্রাপ্ত কোন শিক্ষক কেন্দ্র সচিব বা কেন্দ্র কমিটিতে অন্তর্ভুক্ত হতে পারবেন না।

(২) কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা :

কেন্দ্র কমিটির চেয়ারম্যান কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা হবেন। কোন অনিবার্য কারণে চেয়ারম্যান ভারপ্রাপ্ত অফিসার হিসেবে কর্তব্য পালন করতে না পারলে তিনি একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তাকে অতিরিক্ত ভারপ্রাপ্ত অফিসার নিযুক্ত করবেন। এরূপ নিযুক্তির ক্ষেত্রে লক্ষ্য রাখতে হবে যে, কোন বিভাগের কোন উচ্চ পদস্থ অফিসার যেন কোন নিম্ন পদস্থ কর্মকর্তার অধীনস্থ না হন।

বি:দ্র: কেন্দ্র ফি বাবদ বোর্ড নির্ধারিত ফি এর অতিরিক্ত অর্থ আদায় করা যাবে না। নিয়োগপ্রাপ্ত কেন্দ্র সচিবগণকে তাঁর কেন্দ্রের কম্পিউটার, প্রিন্টার ও ইন্টারনেট সার্বক্ষনিক সচল রাখতে হবে। পরীক্ষা পরিচালনায় প্রয়োজনীয় কাগজপত্র (অলিখিত উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র, প্রবেশপত্র, খাম ও কার্টুন ব্যতীত) বোর্ডের ওয়েবসাইটে গিয়ে অনলাইনে প্রিন্ট করে নিতে হবে।



(ড. মোঃ আসাদুজ্জামান)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

ফোন : ০৮১-৭৬১৭২

জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার

কুমিল্লা শিক্ষাবোর্ডের আওতাধীন সকল জেলা ও উপজেলা

এবং ভারপ্রাপ্ত কর্মকর্তা

জেএসসি পরীক্ষা-২০১৮ এর অনুমোদিত সকল কেন্দ্র।

স্মারক নং : পরী/মাধ্য/জেএসসি/২০১৮/৩৭২(৬০)/(০৩)


তারিখ : ২৫/০৯/২০১৮ খ্রি:

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি:

১। সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, এ বোর্ডের জেএসসি পরীক্ষা-২০১৮ এর অনুমোদিত কেন্দ্রসমূহের ভেন্যু স্কুল এন্ড কলেজ/ বিদ্যালয়

৩। সংরক্ষণ নথি।



(মোহাম্মদ শহিদুল ইসলাম)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক)

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

ফোন : ০৮১-৭৬৪৬১

ইমেইলঃ dscscomillaboard@gmail.com